Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## নয়া দিগন্ত



ঢাবি ভিসি টিএসসিতে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের পরিচিতি সভায় বক্তব্য রাখেন ■ নয়া দিগন্ত

# জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থীদের নেটওয়ার্ক বাড়াতে হবে : ঢাবি ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান দক্ষ মানবসম্পদ হিসেবে নিজেদের গড়ে তুলতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নেটওয়ার্ক বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। এ ক্ষেত্রে শিক্ষকদের সাথে আন্তঃসম্পর্ক উন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়ের সব সুযোগ ও সম্ভাবনার সর্বোত্তম ব্যবহারের ওপর তিনি গুরুত্বারোপ করেন। গতকাল রোববার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিজনেস স্টাডিজ অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' ১ম বর্ষের শিক্ষার্থীদের পরিচিতি ■ ৪র্থ পৃ: ৬-এর কলামে

## জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে

৩য় পৃষ্ঠার পর

সভায় তিনি প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতার হোসেন খান, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো: শহীদুল ইসলাম, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ অনুষ্ঠানে বক্তব্য রাখেন। নবীন শিক্ষার্থীদের পক্ষে ম্যানেজমেন্ট বিভাগের আফিফা মুশতারী উপমা, মৃত্তিকা পানি ও পরিবেশ বিভাগের মেহজাবিন আলম; ভূতত্ত্ব বিভাগের মো: নাবিউল হাসান শুভ এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের আহমেদ রেজা তৌসিফ বক্তব্য দেন। এ সময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র-উপদেষ্টারা উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান নবাগত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, কঠোর প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েছে। জ্ঞান ও প্রজ্ঞার বিকাশে বিশ্ববিদ্যালয় জীবনের শুরু থেকেই তাদের লক্ষ্য নির্ধারণ করে এগিয়ে যেতে হবে। শিক্ষা ও গবেষণার পাশাপাশি ক্রীড়া ও সহশিক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ এবং বিভিন্ন ভাষাগত ও সাংগঠনিক দক্ষতা অর্জন করতে হবে। সাংগঠনিকসহ বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জনে সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী ক্লাবগুলোর সাথে সম্পৃক্ত হওয়ার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। দক্ষ তরুণ প্রজন্মের হাত ধরেই নতুন বাংলাদেশ এগিয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। বিজ্ঞপ্তি।

## ভোরের কাগজ




ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' ১ম বর্ষের শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন। বিজ্ঞপ্তি

### ঢাবি উপাচার্য

# দক্ষ তরুণ প্রজন্মের হাত ধরেই দেশ এগিয়ে যাবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান দক্ষ মানবসম্পদ হিসেবে নিজেদের গড়ে তুলতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নেটওয়ার্ক বাড়াতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, দক্ষ তরুণ প্রজন্মের হাত ধরেই বাংলাদেশ এগিয়ে যাবে। গতকাল রবিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিজনেস স্টাডিজ অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' ১ম বর্ষের শিক্ষার্থীদের পরিচিতি সভায় উপাচার্য প্রধান অতিথির বক্তব্য রাখেন। বিজ্ঞপ্তি

ছাত্র নির্দেশনা ও পরামর্শ দান দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ অনুষ্ঠানে বক্তব্য রাখেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান নবাগত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, কঠোর প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েছেন। জ্ঞান ও প্রজ্ঞার বিকাশে বিশ্ববিদ্যালয় জীবনের শুরু থেকেই তাদের লক্ষ্য নির্ধারণ করে এগিয়ে যেতে হবে। দক্ষ তরুণ প্রজন্মের হাত ধরেই নতুন বাংলাদেশ এগিয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

## The Bangladesh Today

# DU VC urges students to develop local, int'l network

DHAKA : Dhaka University (DU) Vice-Chancellor (VC) Professor Dr Niaz Ahmed Khan yesterdaycalled upon the students of the university to increase their networks at national and international levels to develop themselves as skilled human resources, reports BSS.

"Along with developing interpersonal relationships with faculties, students must establish communication with local and international figures and institutions to enrich their skills," he said.

The VC said while addressing the fresher reception programme of first year students from the Departments under the faculties of business studies, biological sciences, earth and environmental sciences and engineering and technology at Teacher-Student Center (TSC) auditorium at the campus.

## The Country Today

# Students need to increase their network at national, international levels: DU VC



**DU Correspondent**

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan has called on students to increase their network at national and international levels to develop themselves as skilled human resources. In this regard, he emphasized on developing interpersonal relationships with teachers and making the best use of all the opportunities and potential of the university.

The Vice-Chancellor spoke Continued to page 2

## Students need to increase

as the chief guest at the introduction meeting of the 1st year students of the 'Undergraduate Program' of various departments under the Faculty of Business Studies, Faculty of Biology, Faculty of Earth and Environmental Sciences and Faculty of Engineering and Technology at the Student-Teacher Center Auditorium on Sunday.

The program was presided over by Professor Dr. Mehzabeen Haque, Director of the Student Guidance and Counseling Office, and Pro-Vice-Chancellor (Administration) Professor Dr. Saima Haque Bidisha was present as the special guest. Dean of the Faculty of Business Studies, Professor Dr. Mahmud Osman Imam, Dean of the Faculty of Biology, Professor Dr. Md. Akhtar Hossain Khan, Acting Dean of the Faculty of Earth and Environmental Sciences, Professor Dr. Md. Shahidul Islam, Dean of the Faculty of Engineering and Technology, Professor Dr. Upma Kabir, and Proctor Associate Professor Saifuddin Ahmed spoke at the event.

On behalf of the new students, Afifa Mushtari Upma of the Department of Management, Mehzabin Alam of the Department of Soil Water and Environment, Md. Nabiul Hasan Shuvo of the Department of Geography, and Ahmed Reza Tausif of the Department of Computer Science and Engineering spoke. Chairmen and student advisors of various departments were present.

## দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান রোববার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিজনেস স্টাডিজ অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' ১ম বর্ষের শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন -বর্তমান

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## নয়া দিগন্ত

### ঢাবি এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব সদস্যদের সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব (ডিইউইডিসি)-এর নবীন ও বিদায়ী সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। গত শনিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিইউইডিসি-এর সভাপতি রওনক তাবাসসুমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজনেস ■ ৪র্থ পৃ: ৩-এর কলামে

### ঢাবি এন্টারপ্রিনিউরশিপ

৩য় পৃষ্ঠার পর

স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম এবং ক্লাবের মডারেটর অধ্যাপক ড. রাফিউদ্দীন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। ক্লাবের সাধারণ সম্পাদক জাহেদ হোসেন অনুষ্ঠান সঞ্চালন করেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এন্টারপ্রিনিউরশিপের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন, সরকারি বাজেটের ওপর নির্ভর করে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন ঘটানো সম্ভব নয়। আমাদের সীমাবদ্ধতাগুলো অতিক্রম করার লক্ষ্যে সব অংশীজনকে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এক্ষেত্রে এন্টারপ্রিনিউরশিপ বিকল্প পথ হতে পারে। এটি একটি বাস্তব ও তাত্ত্বিক পদ্ধতি, যার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক সঙ্কট নিরসন করা সম্ভব। তিনি বলেন, মানুষের মধ্যে আন্তঃসম্পর্ক উন্নয়ন ও সমাজের সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে এগিয়ে আসতে হবে। নতুন নতুন উদ্ভাবন ও উদ্যোক্তা তৈরির মাধ্যমে দেশে কর্মসংস্থান সৃষ্টিতে ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব কার্যকর ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা, গেম শো, সাবেক সদস্যদের অভিজ্ঞতা বিনিময় ও নতুন কর্মপরিকল্পনা উপস্থাপনসহ বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠানে প্রায় ৫০০ নতুন সদস্যকে বরণ করে নেয়া হয়। এছাড়া বিগত সময়ে সফলভাবে দায়িত্বপালন করায় ক্লাবের ১৯ জন বিদায়ী সদস্যকে সংবর্ধনা দেয়া হয়। বিজ্ঞপ্তি।

## দৈনিক বাংলা



ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাবের (ডিইউইডিসি) নবীন ও বিদায়ী সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। ছবি: সংগৃহীত

### ঢাবি এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব সদস্যদের সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাবের (ডিইউইডিসি) নবীন ও বিদায়ী সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। গত শনিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডিইউইডিসির সভাপতি রওনক তাবাসসুমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম এবং ক্লাবের মডারেটর অধ্যাপক ড. রাফিউদ্দীন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন।

ক্লাবের সাধারণ সম্পাদক জাহেদ হোসেন অনুষ্ঠান সঞ্চালন করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এন্টারপ্রিনিউরশিপের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন, সরকারি বাজেটের উপর নির্ভর করে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন ঘটানো সম্ভব নয়। আমাদের সীমাবদ্ধতাগুলো অতিক্রম করার লক্ষ্যে সব অংশীজনকে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এক্ষেত্রে এন্টারপ্রিনিউরশিপ বিকল্প পথ হতে পারে। এটি একটি বাস্তব ও তাত্ত্বিক পদ্ধতি, যার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক সংকট নিরসন করা সম্ভব। তিনি বলেন, মানুষের মধ্যে আন্তসম্পর্ক উন্নয়ন ও সমাজের সঙ্গে সংযোগ স্থাপনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে এগিয়ে আসতে হবে। নতুন নতুন উদ্ভাবন ও উদ্যোক্তা তৈরির মাধ্যমে দেশে কর্মসংস্থান সৃষ্টিতে ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব কার্যকর ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা, গেম শো, সাবেক সদস্যদের অভিজ্ঞতা বিনিময় ও নতুন কর্মপরিকল্পনা উপস্থাপনসহ বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠানে প্রায় ৫শ নতুন সদস্যকে বরণ করে নেওয়া হয়। এছাড়া বিগত সময়ে সফলভাবে দায়িত্ব পালন করায় ক্লাবের ১৯জন বিদায়ী সদস্যকে সংবর্ধনা দেওয়া হয়। বিজ্ঞপ্তি

## আজকালের খবর



### ঢাবি এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব সদস্যদের সংবর্ধনা

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব (ডিইউইডিসি)-এর নবীন ও বিদায়ী সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। গত শনিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডিইউইডিসি-এর সভাপতি রওনক তাবাসসুমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম এবং ক্লাবের মডারেটর অধ্যাপক ড. রাফিউদ্দীন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। ক্লাবের সাধারণ সম্পাদক জাহেদ হোসেন অনুষ্ঠান সঞ্চালন করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এন্টারপ্রিনিউরশিপের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন, সরকারি বাজেটের উপর নির্ভর কওে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন ঘটানো সম্ভব নয়। আমাদেও সীমাবদ্ধতাগুলো অতিক্রম করার লক্ষ্যে সকল অংশীজনকে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এক্ষেত্রে এন্টারপ্রিনিউরশিপ বিকল্প পথ হতে পারে। এটি একটি বাস্তব ও তাত্ত্বিক পদ্ধতি, যার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক সংকট নিরসন করা সম্ভব। তিনি বলেন, মানুষের মধ্যে আন্তঃসম্পর্ক উন্নয়ন ও সমাজের সঙ্গে সংযোগ স্থাপনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সামাজিক, সাংস্কৃতিক ও স্বে"ছাসেবী সংগঠনগুলোকে এগিয়ে আসতে হবে। নতুন নতুন উদ্ভাবন ও উদ্যোক্তা তৈরির মাধ্যমে দেশে কর্মসংস্থান সৃষ্টিতে ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব কার্যকর ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা, গেম শো, সাবেক সদস্যদেও অভিজ্ঞতা বিনিময় ও নতুন কর্মপরিকল্পনা উপস্থাপনসহ বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠানে প্রায় ৫শ' নতুন-সদস্যকে বরন করে নেয়া হয়।

## দৈনিক বর্তমান



# ঢাবি এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব সদস্যদের সংবর্ধনা প্রদান

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব (ডিইউইডিসি)-এর নবীন ও বিদায়ী সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। শনিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিইউইডিসি-এর সভাপতি রওনক তাবাসসুমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম এবং ক্লাবের মডারেটর অধ্যাপক ড. রাফিউদ্দীন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন। ক্লাবের সাধারণ সম্পাদক জাহেদ হোসেন অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান এন্টারপ্রিনিউরশিপের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন, সরকারি বাজেটের উপর নির্ভর করে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন ঘটানো সম্ভব নয়। আমাদের সীমাবদ্ধতাগুলো অতিক্রম করার লক্ষ্যে সকল অংশীজনকে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এক্ষেত্রে এন্টারপ্রিনিউরশিপ বিকল্প পথ হতে পারে। এটি একটি বাস্তব ও তাত্ত্বিক পদ্ধতি, যার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক সংকট নিরসন করা সম্ভব। তিনি বলেন, মানুষের মধ্যে আন্তঃসম্পর্ক উন্নয়ন ও সমাজের সঙ্গে সংযোগ স্থাপনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনগুলোকে এগিয়ে আসতে হবে। নতুন নতুন উদ্ভাবন ও উদ্যোক্তা তৈরির মাধ্যমে দেশে কর্মসংস্থান সৃষ্টিতে ঢাকা বিশ্ববিদ্যালয় এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট ক্লাব কার্যকর ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা, গেম শো, সাবেক সদস্যদের অভিজ্ঞতা বিনিময় ও নতুন কর্মপরিকল্পনা উপস্থাপনসহ বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠানে প্রায় ৫শ' নতুন সদস্যকে বরণ করে নেয়া হয়। এছাড়া, বিগত সময়ে সফলভাবে দায়িত্বপালন করায় ক্লাবের ১৯জন বিদায়ী সদস্যকে সংবর্ধনা দেয়া হয়।

# The Asian Age

## DUEDC hosts reception for enthusiastic members

**Raihan Ahmed, AA**

The Dhaka University Entrepreneurship Development Club (DUEDC) welcomed 500 new members and honored 19 outgoing ones at a festive reception on November 23, 2024 (Saturday), at the Professor Muzaffar Ahmed Chowdhury Auditorium. Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmad Khan, the chief guest, highlighted entrepreneurship as a key driver of employment and economic growth, urging collaboration with stakeholders to overcome financial constraints. Presided over by DUEDC President Rownak Tabassum, the event featured Faculty of Business Studies Dean Dr. Mahmud Osman Imam and club moderator Dr. Rafiuddin Ahmed as special guests. Activities included cultural performances, game shows, and presentations of future plans. Outgoing members were recognized for their contributions, and optimism was expressed about DUEDC's role in fostering innovation and entrepreneurship in Bangladesh.

# The Country Today

## CAMPUS CORNER

TRUST & FAST CONSULTANCY



*The inaugural and blood donor award ceremony of Dhaka University Fazlul Haque Muslim Hall Unit Bandhan was held at the hall auditorium on Saturday evening. DU VC Prof Dr. Niaz Ahmed Khan was present as the chief guest. It was presided over by Fazlul Haque Muslim Hall Bandhan Unit President Ashraful Islam Akash, and Dean of the Faculty of Pharmacy Prof Dr. Md. Selim Reza, Dean of the Faculty of Medicine Professor Dr. Md. Mostaq Ahmed, Hall Provost Prof Dr. Md. Ilias Al-Mamun and Advisor to the organization Dr. Alamgir Kabir spoke at the event. Photo: DU Public Relations*